ক্র- ৬৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর

এবং

সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৬-জুন ৩০, ২০১৭

# সূচিপত্র

অধিদপ্তরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র.............................................................................৩

উপক্রমনিকা...........................................................................................................৪

সেকশন ১: অধিদপ্তরের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি.............................................................................................................৫

সেকশন২: অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের চুড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) .............................................................................................৭

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ .....................৮

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms).........................................................................১২

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি.......................১৩

সংযোজনী৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা.....................................................................................................১৪

## নগর উন্নয়ন অধিদপ্তর এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

**(Overview of the Performance of the Directorate)**

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎপরিকল্পনা:**

- সাম্প্রতিক বছরসমূহের **(**৩বছর**)** প্রধান অর্জনসমূহ

  "কক্সবাজার শহর ও শহর থেকে টেকনাফ পর্যন্ত সমুদ্র সৈকত এলাকার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন" , মাদারীপুর ও রাজৈর উপজেলা শহরের স্ট্রাকচার ও একশন এরিয়া প্ল্যান এবং ময়মনসিংহ স্ট্রাটেজিক ডেভেলপমেন্ট প্ল্যান প্রণয়ন কাজ সম্পন্ন করা হয়েছে। নগর ও অঞ্চল পরিকল্পনা আইন-২০১৫ শীর্ষক আইনের খসড়া প্রণয়ন করা হযেছে-যা চূড়ান্ত করনের বিষয়টি প্রক্রিয়াধীন। এছাড়া, বিভিন্ন সরকারী দপ্তরের চাহিদার প্রেক্ষিতে নিরীক্ষা করে বিভিন্ন শহরের ভূমি ব্যবহার সম্পর্কে ছাড়পত্র প্রদান ও ভূমি জরিপ বিষয়ে সহায়তা প্রদান করা হয়েছে। এছাড়াও শহর উন্নয়ন সংক্রান্ত দু'টি গবেষণা সু-সম্পন্ন করা হয়েছে। অধিদপ্তরের আওতায় বাস্তবায়িত এমএসডিপি প্রকল্পটি এশিয়ান টাউন স্ক্যাপ এওয়ার্ড ২০১৪ অর্জন করেছে।

- সমস্যাসমূহ
  - পরিকল্পনা বাস্তবায়নের জন্য আইনি ভিত্তি না থাকা;
  - সাংগঠনিক কাঠামোতে পর্যাপ্ত দক্ষ ও কারিগরী জনবলের অভাব;
- চ্যালেঞ্জসমূহ
  - অপরিকল্পিতভাবে গড়ে ওঠা পৌর এলাকা/নগরীকে একটি পরিকল্পিত নগরীতে পরিণত করা।
- ভবিষ্যৎপরিকল্পনা
  - প্রিপারেশন অব ন্যাশনাল কমপ্রিহেনসিভ ডেভেলপমেন্ট প্ল্যান ফর দি হোল কান্ট্রি
  - প্রিপারেশন অব ইকো-ট্যুরিজম ডেভেলপমেন্ট প্ল্যান ফর কুয়াকাটা কোস্টাল রিজিয়ন
  - প্রিপারেশন অব কমপ্রিহেনসিভ রিজিয়নাল ডেভেলপমেন্ট প্ল্যান ফর রংপুর ডিভিশন
  - প্রিপারেশন অব কমপ্রিহেনসিভ রিজিয়নাল ডেভেলপমেন্ট প্ল্যান ফর রাজশাহী ডিভিশন

**২০১৬-১৭ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর বেনাপোল - যশোর-হাইওয়ে করিডোর

## উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর

এবং

সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৬ সালের জুন মাসের ২৬ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন-১

অধিদপ্তরের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১:(Vision)রূপকল্প

পরিকল্পিত বাংলাদেশ

১:(Mission)অভিলক্ষ্য

দুর্যোগ ঝুকি বিবেচনা পূর্বক সমন্বিত নগর ও অঞ্চল পরিকল্পনা প্রণয়ন ।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ: (Strategic Objectives)

**১.৩.১ অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমুহ**

১. পরিকল্পিত নগরায়ন;

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ**

১ দক্ষতার সংগে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন;

২ দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন

৩ তথ্য অধিকার ও স্বপ্রনোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন;

৪ কার্যপদ্ধতি ও সেবার মান উন্নয়ন;

৫ কর্ম পরিবেশ উন্নয়ন

৬ আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

১.৪ কার্যাবলি:(Functions)

১.৪.১ নগরায়ন, নগর এলাকার ভূমির সুষ্ঠু ব্যবহার ও ভূমি উন্নয়ন বিষয়ে সরকারকে পরামর্শ প্রদান করা।

১.৪.২ দেশের ৪ টি মেট্রোপলিটন সিটি যথাঃ-ঢাকা, চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী বাদে সকল নগর এলাকার মাষ্টার প্ল্যান প্রণয়ন, নগর এলাকার অভ্যন্তরে এলাকাভিত্তিক বিস্তারিত ভূমি ব্যবহার নকশা ও অঞ্চলভিত্তিক প্ল্যান প্রণয়ন ও সমন্বয় সাধন করা।

১.৪.৩ নগরায়ন প্রক্রিয়ায় আর্থ-সামাজিক বিষয়ে গবেষণা করো ও ভবিষ্যতে নগর উন্নয়নের ক্ষেত্রে দেশব্যাপী নগর উন্নয়ন সংক্রান্ত স্থান নির্ণয় করা।

১.৪.৪ নগরায়ন কর্মসূচী প্রণয়ন করা এবং এই কর্মসূচী সংশ্লিষ্ট সেক্টর এজেন্সীগুলোর উন্নয়নমূলক কর্মকান্ডের স্থান নির্ধারনে সহযোগিতা করা।

১.৪.৫ মানব বসতি উন্নয়ন পরিকল্পনাকারী প্রতিষ্ঠান হিসাবে নগর উন্নয়ন অধিদপ্তর আন্তর্জাতিক কারিগরী সহযোগী বিষয়ক কর্মসূচী বাস্তবায়নে দেশের ফোকাল পয়েন্ট ও প্রতিরূপ সংস্থা হিসাবে কার্যাদি সম্পাদন করা।

১.৪.৬ ভৌত পরিকল্পনা এবং নগরায়ন ও মানববসতি সংক্রান্ত বিষয়ে সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে সেমিনার এবং ওয়ার্কশপের আয়োজন করা এবং নগরায়ন ও মানববসতি সংক্রান্ত গবেষণালব্ধ বিষয় সম্পর্কে প্রকাশনা বের করা।

১.৪.৭ পরিকল্পনা ও উন্নয়ন বিষয়ে বিভিন্ন প্রতিষ্ঠানে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীদের ইন-সার্ভিস প্রশিক্ষণ প্রদান করা।

১.৪.৮ নগর উন্নয়ন সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/সংস্থাসমূহকে তাদের অনুরোধক্রমে পরামর্শ প্রদান করা।

তাছাড়া নগর উন্নয়ন অধিদপ্তর কেন্দ্রীয় ভূমি বরাদ্দ কমিটির এখতিয়ারভূক্ত নিম্ন লিখিত থানা যথা : কোতয়ালী, লালবাগ, রমনা, সূত্রাপুর, মতিঝিল, কেরানীগঞ্জ, ধানমন্ডি, তেজগাঁও, গুলশান, মোহাম্মদপুর, মিরপুর, টংগী, রূপগঞ্জ, ক্যান্টনমেন্ট, সাভার, জয়দেবপুর, নারায়নগঞ্জ, ফতুল্লা/বন্দর, সিদ্দিরগঞ্জ, নরসিংদী এবং ডেমরায় (১৯৮০ ইং সনের পর উল্লেখিত থানা বিভক্ত হয়ে কোন নতুন থানা সৃষ্টি হলে কিংবা ভবিষ্যতে আরো বিভক্ত হলে উক্ত থানা এলাকাও অন্তর্ভূক্ত হবে) জমি অধিগ্রহণের জন্য সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত সংস্থা কর্তৃক চাহিত ভূমির পরিকল্পিত ব্যবহার বিষয়ে পরিক্ষা-নিরীক্ষা পূর্বক অনাপত্তিপত্র প্রদান করে থাকে। নগর উন্নয়ন অধিদপ্তর নিজস্ব সীমিত জনবল এবং আর্থিক সামর্থের মাধ্যমে ভৌত পরিকল্পনা ও গবেষনামূলক কর্মকান্ডের দ্বারা দেশের উন্নয়নে অবদান রেখে চলছে।

## সেকশন ২

### অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব ( Outcome/Impact)

| চূড়ান্তফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদনসূচকসমূহ (Performance Indicators) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০১৬-১৭ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবেদায়িত্বপ্রাপ্তমন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহেরনাম | উপাত্তসূত্র [source(s) of data] |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৪-১৫ | ২০১৫-১৬ | | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| পরিকল্পিত ভূমি ব্যবহারের এলাকা বৃদ্ধিকরণ | প্রণয়নকৃত পরিকল্পনা এলাকা | একর | ১২৬৭৮৪ | ৬৯০২৪ | ৮০০০০ | ১০৭১৪২৬ | ৭৮৬৩৬ | অর্থ বিভাগ, পরিকল্পনা কমিশন, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | প্রকল্প সমাপ্ত প্রতিবেদন |
| নগরায়ন বিষয়ক সমস্যা সমাধানে সুপারিশ | গবেষণা প্রতিবেদন | সংখ্যা | ৩ | ৪ | ২ | - | - | - | বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য ,অগ্রাধিকার ,কার্যক্রমসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-১৭ Target /Criteria Value for FY 2016-17) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৭- ১৮ | প্রক্ষেপণ Projec)(tion ২০১৮ ১৯- |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৪-১৫ | ২০১৫-১৬ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| ১. পরিকল্পিত নগরায়ন | ৮০ | [১.১] হাইওয়ে করিডোর এর ডেভেলপমেন্ট প্ল্যান প্রণয়ন | [১.১.১] বেনাপোল - যশোর-হাইওয়ে করিডোর এর ডেভেলপমেন্ট প্ল্যান প্রণয়ন | % | ৩০ | | | ১০০% | ৯৮% | ৯৬% | ৯৪% | ৯০% | - | - |
| | | [১.২] উপজেলার ডেভেলপমেন্ট প্ল্যান প্রণয়ন | [১.২.১] ১৪ টি উপজেলার ডেভেলপমেন্ট প্ল্যান প্রণয়ন | % | ৩০ | | | ৬০% | ৫৫% | ৫০% | ৪৫% | ৪০% | | |
| | | | [১.২.২] কুষ্টিয়া সদর উপজেলার ডেভেলপমেন্ট প্ল্যান প্রণয়ন | % | ২০ | | | ৩০% | ২৫% | ২০% | ১৫% | ১০% | | |

# দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রার মান -২০১৬-১৭ (Target Value-2016-17) | | | | |
| কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যসমূহ (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৬ | ২০১৬-১৭ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রণালয়/বিভাগ দাখিলকৃত | তারিখ | ১ | ১৯ মে | ২২ মে | ২৪ মে | ২৫ মে | ২৬ মে |
| | | মাঠপর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | নির্ধারিত সময়সীমার মধ্যে চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১ | ২৬-৩০ জুন | - | - | - | - |
| | | ২০১৫-১৬ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ১৪ জুলাই | ১৭ জুলাই | ১৮ জুলাই | ১৯ জুলাই | ২০ জুলাই |
| | | ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষন | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | ২ | - | - |
| | | ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ২২ জানুয়ারী | ২৩ জানুয়ারী | ২৪ জানুয়ারী | ২৫ জানুয়ারী | ২৬ জানুয়ারী |
| | | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান | বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা | সংখ্যা | ১ | ৩ | ২ | ১ | - | - |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষনসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময় | জনঘন্টা | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ২০১৬-১৭ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষন কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ১ | ১৫ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| | | | নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | ২ | - | - |
| তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | তথ্য বাতায়ন হালনাগাদকরন | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১ | প্রতি মাসের ১ম সপ্তাহ | প্রতি মাসের ২য় সপ্তাহ | প্রতি মাসের ৩য় সপ্তাহ | - | - |
| | | বার্ষিক প্রতিবেদন প্রনয়ন ও প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ১৫ অক্টোবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ২২ নভেম্বর | ২৯ নভেম্বর |
| কার্যপদ্ধতি ও সেবার মান উন্নয়ন | ৫ | ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তন | দপ্তর/সংস্থার ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তিত | তারিখ | ১ | ২৮ ফেব্রুয়ারী | ৩০ মার্চ | ৩০ এপ্রিল | ৩১ মে | ২৯ জুন |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারিকৃত | % | ১ | ১০০ | ৮০ | ৮০ | - | - |
| | | সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কাঁযক্রম বাস্তবায়ন | দপ্তর /সংস্থার কমপক্ষে একটি অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারী | ২৮ ফেব্রুয়ারী | - | - |
| | | | দপ্তর /সংস্থার কমপক্ষে ৩টি সেবাপ্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারী | ২৮ ফেব্রুয়ারী | - | - |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নিস্পত্তিকৃত অভিযোগ | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| কর্ম পরিবেশ উন্নয়ন | ৩ | অফিস ভবন ও আঙ্গিনা পরিছন্ন রাখা | নির্ধারিত সময়সীমার মধ্যে অফিস ভবন ও আঙ্গিনা পরিছন্ন | তারিখ | ১ | ৩০ নভেম্বর | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারী | - | - |
| | | সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (Waiting room)এর ব্যবস্থা করা | নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীর জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত | তারিখ | ১ | ৩০ নভেম্বর | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারী | - | - |
| | | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | ৩০ নভেম্বর | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারী | - | - |
| আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ১ | অডিট আপত্তি নিস্পত্তি কাযক্রমের উন্নয়ন | বছরে অডিট আপত্তি নিস্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |

আমি ,পরিচালক , নগর উন্নয়ন অধিদপ্তর, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এর প্রতিনিধি সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি,সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এর প্রতিনিধি হিসাবে পরিচালক , নগর উন্নয়ন অধিদপ্তর এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

পরিচালক
নগর উন্নয়ন অধিদপ্তর

২৬-৬-২০১৬
তারিখ

সচিব
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

২৬/০৬/১৬
তারিখ